গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচি-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৪২ তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ / ০২ মার্চ ২০২৬

**বিষয়: ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের [মসবৈ-১(২)/২০২৬] কার্যবিবরণীর উদ্ধৃতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৩১, তারিখ- ১৭/২/২০২৬খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, গত ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ নিম্নরূপ:

বিবিধ বিষয়: Vulnerable Group Feeding (VGF) বরাদ্দ ও বাছাই কমিটি।

২। বর্ণিত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত:

৮.১। ২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।

৮.২। নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF)-এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।"

৩। উল্লেখ্য, সূত্রস্থ ১নং স্মারকে মানবিক সহায়তা কর্মসূচির আওতায় আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৬ উপলক্ষে দুঃস্থ ও অতিদরিদ্র পরিবারের মাঝে ভিজিএফ খাদ্যশস্য হিসেবে বিতরণের জন্য ১,০১,০০,০০০ (এক কোটি এক লক্ষ)টি কার্ডের বিপরীতে ১০ কেজি হারে সর্বমোট= ১,০১,০০০ (এক লক্ষ এক হাজার) মে.টন ভিজিএফ ত্রাণ কার্য (চাল) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর-এর অনুকূলে ছাড় করা হয় (কপি সংযুক্ত)।

৪। এমতাবস্থায়, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২৬ ছাড়কৃত ১,০১,০০,০০০ (এক কোটি এক লক্ষ)টি কার্ডের বিপরীতে সর্বমোট= ১,০১,০০০ (এক লক্ষ এক হাজার) মে.টন ভিজিএফ ত্রাণ কার্য (চাল) গত ২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত নং ৮.১ এবং ৮.২ অনুযায়ী বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্তি**: ০১ (এক পাতা) পাতা।

০২.০৩.২৬
( গাজী গোলাম মোস্তফা )
সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)
ফোন: ০১৮২৫-০৪৯৩৯৮
reliefsection01@gmail.com

মহাপরিচালক
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা।

অ:পৃ:দ্র/২

**অতি গোপনীয়**

**অতি জরুরী**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
সচিবের দপ্তর

**বিষয়: ২৬ ফেব্রুয়ারি ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের [(মসবৈ-১(২)/২০২৬] কার্যবিবরণীর উদ্ধৃতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০১.২৬.২১৫(৩), তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ ফেব্রুয়ারি ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ নিম্নরূপ:

**"বিবিধ বিষয়: Vulnerable Group Feeding (VGF) বরাদ্দ ও বাছাই কমিটি।**

**সিদ্ধান্ত:**

৮.১। **২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।**

৮.২। **নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF)-এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।"**

০২। এমতাবস্থায়, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত এ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিতক্রমে এ বিষয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৩/২০২৬
(সোহেল রানা)
সচিবের একান্ত সচিব
ইন্টারকম নম্বর: ১১২

০১। অতিরিক্ত সচিব (ত্রাণ কর্মসূচি/ সমন্বয় ও সংসদ)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইউ. ও. নোট নম্বর- ৫১.০০.০০০০.১০০.১৬.০০৪.২২.**৪২** তারিখঃ ০১ মার্চ ২০২৬

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে**

১। মন্ত্রী'র একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।

**(একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে)**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
ধামরাই, ঢাকা।

স্মারক নং- ৫১.০১.২৬১৪.০০০.৪২.০১৪.২৬-৫৩৭ তারিখ ঃ-২৩/০২/২০২৬ খ্রি.

বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে ভিজিএফ খাদ্যশস্য সহায়তা প্রদানের লক্ষ্যে উপকারভোগী পরিবারের অগ্রাধিকার তালিকা প্রেরণ।

সূত্র ঃ ১। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ঢাকা এর স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০৩২.২৫.১৮৬, তারিখঃ ২২/০২/২০২৬ খ্রিঃ
২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০৪৭.২১.৪২, তারিখঃ ০২/০৩/২০২৬ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ভি.জি.এফ কর্মসূচির আওতায় সূত্রোক্ত স্মারকে ধামরাই উপজেলাধীন ১৬ টি ইউনিয়নে ৭৬৫ টি কার্ড উপকারভোগীদের মাঝে বিনামূল্যে বিতরনের লক্ষ্যে নিম্ন বর্ণিত বিভাজন অনুযায়ী উপ-বরাদ্দ প্রদান করা হলো। জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী উপকারভাগী বাছাই করে অগ্রাধিকার তালিকা ০৫/০৩/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | প্রশাসক/ইউ,পি চেয়ারম্যানের নাম ও পদবী | ইউনিয়ন | কার্ড সংখ্যা |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান, চৌহাট ইউনিয়ন পরিষদ | চৌহাট | ৫০ টি |
| ০২। | চেয়ারম্যান, আমতা ইউনিয়ন পরিষদ | আমতা | ৩৭ টি |
| ০৩। | প্রশাসক,বালিয়া ইউনিয়ন পরিষদ | বালিয়া | ৪৫ টি |
| ০৪। | প্রশাসক ,যাদবপুর ইউনিয়ন পরিষদ | যাদবপুর | ৪৫ টি |
| ০৫। | প্রশাসক, বাইশাকান্দা ইউনিয়ন পরিষদ | বাইশাকান্দা | ৪০ টি |
| ০৬। | প্রশাসক, কুশুরা ইউনিয়ন পরিষদ | কুশুরা | ৬০ টি |
| ০৭। | প্রশাসক, গাঙ্গুটিয়া ইউনিয়ন পরিষদ | গাঙ্গুটিয়া | ৪৫ টি |
| ০৮। | প্যানেল চেয়ারম্যান, সানোড়া ইউনিয়ন পরিষদ | সানোড়া | ৪৫ টি |
| ০৯। | চেয়ারম্যান, সুতিপাড়া ইউনিয়ন পরিষদ | সুতিপাড়া | ৬৫ টি |
| ১০। | প্রশাসক, সোমভাগ ইউনিয়ন পরিষদ | সোমভাগ | ৬৩ টি |
| ১১। | প্রশাসক, ভাড়ারিয়া ইউনিয়ন পরিষদ | ভাড়ারিয়া | ৩০ টি |
| ১২। | প্যানেল চেয়ারম্যান, ধামরাই ইউনিয়ন পরিষদ | ধামরাই | ৩০ টি |
| ১৩। | প্রশাসক, কুল্লা ইউনিয়ন পরিষদ | কুল্লা | ৮০ টি |
| ১৪। | প্রশাসক, সুয়াপুর ইউনিয়ন পরিষদ | সুয়াপুর | ৪০ টি |
| ১৫। | প্রশাসক, রোয়াইল ইউনিয়ন পরিষদ | রোয়াইল | ৫০ টি |
| ১৬। | প্রশাসক , নান্নার ইউনিয়ন পরিষদ | নান্নার | ৪০ টি |
| | | মোটঃ- | ৭৬৫ টি |

**২৬ ফেব্রুয়ারী ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে মন্ত্রিসভা বৈঠকের সিদ্ধান্ত সমূহঃ**

**৮.১। ২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হবে।**

**৮.২। নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত vulnerable Group Feeding (VGF) এর প্রকৃত উপকারভোগী যাচাই-বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির ( ০১ এক জন পুরুষ ও ০১ এক জন নারী) সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে।**

১। ভি.জি.এফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নরূপ শর্তাবলী অনুসরন করতে হবে ঃ

(ক) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/ পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দুস্থঃ/ অতিদরিদ্রকে অগ্রাধিকার দিতে হবে।

(খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তাবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এ ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪ টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/ পরিবার দুঃস্থ/ অতিদরিদ্র বলে গণ্য হবে।

১। যে পরিবারে মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।

২। যে পরিবারে দিনমজুরের আয়ের উপর নির্ভরশীল।

৩। যে পরিবারে মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।

৪। যে পরিবারে উপার্জনক্ষম পুর্নঃ বয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬। যে পরিবারে উপার্জনশীল কোন সম্পদ নেই।
৭। যে পরিবারে প্রাধান স্বামী পরিত্যক্তা, বিছিন্ন বা তালাক প্রাপ্তা মহিলা।
৮। যে পরিবারের প্রধান অসচ্ছল মুক্তিযোদ্ধা।
৯। যে পরিবারের প্রধান অসচ্ছল ও অক্ষম প্রতিবন্ধি।
১০। যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১। যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/ অর্থ সংকটে পড়েছে।
১২। যে পরিবার সদস্যরা বছরের অধিকাংশ সময়ে দুবেলা খাবার পায় না।

২। উপ-বরাদ্দকৃত চাল নিম্ন বর্ণিত শর্তাদি পালনপূর্বক বিলি বন্টন করতে হবেঃ
(ক) ভি.জি.এফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারে একাধিক ব্যক্তি ভি.জি.এফ কার্ড বরাদ্দ না পায়। (খ) প্রতি কার্ডে ১০ (দশ) কেজি হারে চাল বিতরন করতে হবে।

(গ) ইউনিয়ন ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যয়িত হতে হবে এবং রেজুলেশনসহ উপকারভোগীদের তালিকা অত্রাফিসে দাখিল করতে হবে।

(ঘ) উপকারভোগীর তালিকা এমন ভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ বরাদ্দ না পায়।

(ঙ) আগামী ০৫/০৩/২০২৬ ইং তারিখের মধ্যে তালিকা প্রদান করতে হবে এবং আগামী ১০ই মার্চ ২০২৬ খ্রি. তারিখের মধ্যে চাল উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করতে হবে।।

প্রাপক ঃ- প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান,.................. (সকল) ইউ,পি
ধামরাই, ঢাকা।

(মোঃ সালমান হাবীব)
উপজেলা নির্বাহী অফিসার
ধামরাই, ঢাকা

স্মারক নং- ৫১.০১.২৬১৪.০০০.৪২.০১৪.২৬-৫৩৭/১(০৪) তারিখ ঃ-২৩/০২/২০২৬ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-
১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা ১৯৩, ঢাকা-২০, ধামরাই, ঢাকা
২। জেলা প্রশাসক, ঢাকা
৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন অফিসার, ঢাকা
৪। অফিস কপি।

০৩/০৩/২০২৬

(এ কে এম মোহিতুল ইসলাম)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ধামরাই, ঢাকা